

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (১৩-তলা)  
৭১-৭২ ইক্ষ্টাইন গার্ডেন, ঢাকা-১০০০ |  
[www.ebek-rdcd.gov.bd](http://www.ebek-rdcd.gov.bd)

স্মারক নং- এবাএখা/উন্নয়ন/ বিবিধ/২২২/২০১৮/ ৫৫৩৯

ତାରିଖ: ୦୮/୦୩/୨୦୧୮ ପ୍ରିଁ ।

বিষয় : ইউনিয়ন পর্যায়ে ই-লার্নিং এবং মার্কেটিং সেন্টার (পল্লী পাঠশালা) নির্মাণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আগুনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি বাড়ি একটি খামার (৩য় উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আগুনার সদয় অবগতির জন্য ই-লার্নিং এবং মার্কেটিং সংশোধিত) অনুমোদিত প্রকল্প প্রস্তাবে ৪৫৫০টি ইউনিয়নে প্রকল্পভুক্ত উপকারভোগীদের জন্য প্রকল্পভুক্ত গ্রাম উন্নয়ন সেন্টার (পল্লী পাঠশালা) তৈরীর সংস্থান রয়েছে। ইউনিয়ন পর্যায়ে একটি বাড়ি একটি খামার প্রকল্পভুক্ত গ্রাম উন্নয়ন সমিতির উপকারভোগীদের নিয়মিত উচ্চান বৈঠক, সমিতির সদস্যদের নিজস্ব উৎপাদিত/তৈরী পন্যসামগ্রী বাজারজাত করণ ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমিতির নিজস্ব কার্যালয় তৈরীর জন্য প্রকল্পের ২০১৭-১৮ অর্থবছরে অর্থ বরাদ্দ পাওয়া গেছে। সমিতির নিজস্ব কার্যালয়টি (১৫×৩০) অর্থাৎ ৪৫০ বর্গফুট আয়তনের হবে। সিআইসিট (টিন) কারা উক্ত কার্যালয় তৈরীর জন্য প্রকল্পের তহবিল হতে ১.০০ (এক) লক্ষ টাকা বরাদ্দ দেয়া হবে। অনুমোদিত আরডিপিপি'র আলোকে নির্মিতব্য পল্লী পাঠশালার জন্য গ্রাম উন্নয়ন সমিতির তহবিল হতে আর্থিক সহযোগিতা নেয়া যাবে। স্থানীয় প্রশাসন তথা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রশাসনের উদ্যোগে ও তত্ত্বাবধানে সমিতির নিজস্ব কার্যালয় তৈরীর জন্য উপর্যুক্ত স্থান নির্বাচন ও সরকারি খাস জমির ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে সিমিতির উৎসাহী সদস্য, পৃষ্ঠপোষক বা দানশীল ব্যক্তির নিকট হতে লিখিতভাবে জমি গ্রহণ বা বরাদ্দ নেয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। সমিতির নিজস্ব ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স-এর ভিতরে বা সন্নিকটে অথবা গ্রাম্য হাট-বাজার, কার্যালয় তৈরীর জায়গাটি হতে হবে। ইউনিয়ন পর্যায়ে দায়িত্ব প্রাইমারী/হাইকুল/মসজিদ/ রাস্তার পাশে বিদ্যুৎ সুবিধাসহ উত্তম যোগাযোগ এলাকায় হতে হবে। ইউনিয়ন পর্যায়ে পালনকারী প্রকল্পের মাঠ সহকারী এ কার্যালয়ে বসে অতি সহজে ও স্বল্প সময়ে উপকারভোগীদের নিকট হতে সঞ্চয় আদায়, খাণ বিতরণ, কিণ্টি আদায়, উচ্চানবৈঠকে উপস্থিত থাকাসহ প্রকল্পের সকল সেবাসমূহ তাদের দোড়গরায় পৌছে দিতে সক্ষম হবে।

এমতাবস্থায়, সমিতির নিজস্ব কার্যালয় তৈরীর জন্য নির্বাচিত জায়গার প্রয়োজনীয় তথ্যাদিসহ সমিতির সিদ্ধান্ত সম্বলিত প্রস্তাব স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাচী অফিসারের মাধ্যমে আগামী ৩০/০৩/২০১৮ তারিখের মধ্যে পক্ষে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হলো।

১০৮

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৯৭৬২৭১২, ফ্যাক্সঃ ৯৭৪৮২০৬  
[headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

## উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনলিপি ভার্তাৰ্থে ও কাৰ্যাবৰ্থে : (জ্যোষ্ঠতাৱ ভিত্তিতে নহে)

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
  - ২। জেলা প্রশাসক (সকল),...।
  - ৩। চেম্বারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
  - ৪। চেম্বারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),...
  - ৫। প্রোগ্রামার, এবা এখা প্রকল্প, ঢাকা। প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
  - ৬। উপজেলা সমন্বয়কারী (সকল), একৃটি বাড়ি একটি খামার প্রকল্প। [তাকে সমিতি পর্যায়ে সকল কর্মসহ সংশ্লিষ্ট সভাপতি/ম্যাজেজারকে পত্রের ছায়ালিপি বিতরনের জন্য নির্দেশনা দেয়া হলো।]
  - ৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।